

রাজশাহী কলেজ ক্যাম্পাস ফ্যাসিবাদমুক্ত করার দাবি ছাত্রশিবিরের

স্টাফ রিপোর্টার, রাজশাহী

প্রকাশিত: ১৭:০৮, ৭ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

রাজশাহী কলেজ ক্যাম্পাস ফ্যাসিবাদমুক্ত করার দাবিতে অধ্যক্ষ বরাবর স্মারকলিপি
দিয়েছে ইসলামী ছাত্রশিবির। সোমবার (৭ জুলাই) কলেজ শাখা শিবির সভাপতি
মাহমুদুল হাসান মাসুমের নেতৃত্বে অধ্যক্ষের কার্যালয়ে এ স্মারকলিপি প্রদান করা
হয়।

এসময় উপস্থিত ছিলেন রাজশাহী কলেজ শাখা শিবির সেক্রেটারি মো. মোশাররফ
হোসেন, সাহিত্য সম্পাদক হাফেজ আসমাউল হকসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

স্মারকলিপিতে ছাত্রশিবির সাত দফা দাবি তুলে ধরা হয়। এগুলোর মধ্যে অন্যতম হলো ক্যাম্পাস ফ্যাসিবাদমুক্ত করতে হবে। এছাড়া, গত বছরের ১৬ জুলাই সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রলাগের হামলার ঘটনায় জড়িতদের চিহ্নিত করে তদন্ত কমিটি গঠন এবং দ্রুত আইনের আওতায় আনা।

অন্যান্য দাবিব মধ্যে রয়েছে ফ্যাসিবাদী শাসনামলে হোস্টেলে ছাত্র নির্যাতনের সঙ্গে সম্পৃক্ত হোস্টেল তত্ত্বাবধায়ক ও সংশ্লিষ্টদের আইনের আওতায় এনে বিচার নিশ্চিত করতে হবে। এছাড়া, ফ্যাসিবাদের দোসর ও প্লাতকদের নামে ক্যাম্পাসে নামকরণ করা স্থাপনাগুলোর নাম পরিবর্তন করে ‘জুলাই বিপ্লবের শহীদ সাকিব আনজুম’-এর নামে নামকরণ করতে হবে।

কলেজ শাখা শিবির সভাপতি মাহমুদুল হাসান মাসুম বলেন, বিগত জুলাইয়ে সাধারণ শিক্ষার্থীদের ওপর সন্ত্রাসী হামলার এক বছর পেরিয়ে গেলেও কলেজ প্রশাসন এখনো কোনো ব্যবস্থা নেয়ানি। যারা আন্দোলনের বিপক্ষে অবস্থান নিয়েছেন, তাদের বিরুদ্ধেও কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। আমরা সবসময় ছাত্রস্বার্থে কাজ করি। সেই লক্ষ্যে আবারও স্মারকলিপি দিয়েছি।

অধ্যক্ষ প্রফেসর মো. ঘৃত আলী বলেন, স্মারকলিপিটি হাতে পেয়েছি। শিক্ষক পরিষদে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।